## অধ্যায় ১৬
## আমাদের সংস্কৃতি

### অধ্যায়টি পড়ে জানতে পারব

- সংস্কৃতির সংজ্ঞা
- আমাদের ভাষা ও পোশাক
- বাঙালিদের খাবারে বৈচিত্র্যতা
- আমাদের বিভিন্ন আচার অনুষ্ঠান ও সংগীতের পরিচয়

### অধ্যায়টির মূলভাব জেনে নিই

আমরা যা কিছু করি এবং যেভাবে করি তাই আমাদের সংস্কৃতি। অর্থাৎ আমাদের ভাষা, পোশাক, খাদ্য, আচার-অনুষ্ঠান গান-বাজনাসহ সমগ্রই সংস্কৃতির অন্তর্ভুক্ত। বাংলাদেশে বসবাস করে বিচিত্র ধর্ম, বর্ণ, জাতি ও গোষ্ঠীর মানুষ। এদের প্রত্যেকের রয়েছে নিজস্ব সংস্কৃতি। আর এ সবটা মিলেই বাংলাদেশের সংস্কৃতির একটি সম্মিলিত রূপ সৃষ্টি হয়েছে। সংস্কৃতি পরিবর্তনশীল। তবে এর কিছু কিছু গুরুত্বপূর্ণ উপাদান দীর্ঘকাল ধরে অপরিবর্তিত থাকে বলেই একটি নির্দিষ্ট সংস্কৃতি টিকে থাকতে পারে। আমাদের সংস্কৃতি অত্যন্ত সমৃদ্ধ। কিন্তু দুঃখের বিষয় হলো, আমরা আমাদের এই সংস্কৃতির একটা বড় অংশই আজ হারাতে বসেছি। এই সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে আমাদের দেশীয় সংস্কৃতিচর্চায় আরও বেশি যত্নশীল হতে হবে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### অল্প কথায় উত্তর দাও :

**১. বাঙালি সংস্কৃতির দুইটি উপাদানের নাম লেখ।**

**উত্তর :** বাঙালি সংস্কৃতির দুইটি উপাদানের নাম হলো ভাষা ও পোশাক।

**২. উৎসবে আমরা কোন ধরনের মিষ্টি খাই?**

**উত্তর :** উৎসবে আমরা দুধের তৈরি সেমাই, হালুয়া, পায়েস, নাড়ু , মোয়া কিংবা পিঠাজাতীয় মিষ্টি খাবার খাই।

**৩. লোকসংগীতের দুইটি ধারার নাম লেখ।**

**উত্তর :** লোকসংগীতের দুইটি ধারা হলো ভাটিয়ালি ও ভাওয়াইয়া।

**৪. আমাদের সংস্কৃতির জন্য কী কী হুমকি আছে?**

**উত্তর :** আমাদের সংস্কৃতির জন্য বিদেশি সংস্কৃতি ও অপসংস্কৃতির হুমকি আছে।

### প্রশ্নগুলো উত্তর দাও :

**১. বাঙালি সংস্কৃতির কোন বিষয়টি তোমার সবচেয়ে পছন্দের? কেন?**

**উত্তর :** সংস্কৃতি হচ্ছে আমাদের প্রতিদিনের জীবনযাপনের ধরন। এর মধ্যে রয়েছে আমাদের ভাষা, পোশাক, খাদ্য, আচার-অনুষ্ঠান, গানবাজনাসহ আরও অনেক কিছু। বাঙালি সংস্কৃতির এসব বিষয়ের মধ্যে ভাষা আমার সবচেয়ে পছন্দের। ভাষার মাধ্যমে আমরা মনের ভাব প্রকাশ করি। বাংলাদেশের বেশিরভাগ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব মাতৃভাষা রয়েছে। আমাদের রাষ্ট্রভাষা বাংলা। এদেশের মুসলিম, হিন্দু, খ্রিষ্টান, বৌদ্ধ সবাই বাংলা ভাষার মাধ্যমে একসূত্রে গাঁথা।

**২. তোমার মতে আমাদের সংস্কৃতির প্রধান প্রধান বৈশিষ্ট্য কী কী?**

**উত্তর :** আমরা যা করি, যেভাবে করি তাই আমাদের সংস্কৃতি। আমাদের সংস্কৃতির প্রধান প্রধান বৈশিষ্ট্য নিচে উল্লেখ করা হলো-

১. শাড়ি, সালোয়ার-কামিজ এ দেশের মেয়েদের প্রধান পোশাক। আর লুঙ্গি, পায়জামা, পাঞ্জাবি ও শার্ট-প্যান্ট এদেশের ছেলেদের প্রধান পোশাক।

২. ভাত-মাছ-ডাল ও নানা প্রকার মিষ্টি আমাদের প্রধান দেশীয় খাদ্য।

৩. আকিকা, মুখেভাত, জন্মদিন ইত্যাদি আমাদের কয়েকটি সামাজিক আচার-অনুষ্ঠান।

৪. বাউল, ভাটিয়ালি, জারি-সারি, কবিগান, পালাগান ইত্যাদি আমাদের লোকসংগীতের অংশ।

৫. বাংলা ভাষা আমাদের মায়ের ভাষা, এই ভাষায় আমরা মনের ভাব প্রকাশ করতে পারি।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

❑ **বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ :**

| | |
|---|---|
| ক) আমরা মাছে, ভাতে | মিষ্টি খেতে ভালোবাসি। |
| খ) আমরা উৎসব অনুষ্ঠানে | প্রতিদিনের জীবনযাপনের ধরন। |
| গ) বড়দিন উপলক্ষে খ্রিষ্টানরা | পাঞ্জাবি-পায়জামা পরেন। |
| ঘ) সংস্কৃতি হচ্ছে আমাদের | বাঙালি। |
| ঙ) অনেকে বিশেষ অনুষ্ঠানে | অনেক রকম পিঠা তৈরি করেন। |

**উত্তর :**

ক) আমরা মাছে, ভাতে **বাঙালি।**

খ) আমরা উৎসব অনুষ্ঠানে **মিষ্টি খেতে ভালোবাসি।**

গ) বড়দিন উপলক্ষে খ্রিষ্টানরা **অনেক রকম পিঠা তৈরি করেন।**

ঘ) সংস্কৃতি হচ্ছে আমাদের **প্রতিদিনের জীবনযাপনের ধরন।**

ঙ) অনেকে বিশেষ অনুষ্ঠানে **পাঞ্জাবি-পায়জামা পরেন।**

❑ **শুদ্ধ/অশুদ্ধ নির্ণয় কর :**

ক) ভাষার মাধ্যমে আমরা মনের ভাব প্রকাশ করি।

খ) সালোয়ার-কামিজ বাংলাদেশের মেয়েদের ঐতিহ্যবাহী পোশাক।

গ) বয়স্ক হিন্দু পুরুষেরা আগে লুঙ্গি পরতেন।

ঘ) ঈদের দিনে সেমাই এবং শবেবরাতে হালুয়া তৈরি হয়।

ঙ) সংরক্ষণের অভাবে আমাদের নিজস্ব সংস্কৃতি হারিয়ে যাচ্ছে।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'অশুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

❑ **শূন্যস্থান পূরণ কর:**

ক) নৌকা বাইতে বাইতে — গান গায়।

খ) বিদেশি সংস্কৃতির প্রভাবে আমাদের — সংস্কৃতি আজ বিপন্ন।

গ) — দিনে খিচুড়ি খাওয়া বাঙালিদের সংস্কৃতিতে পরিণত হয়েছে।

ঘ) পুরুষ মুসলমানগণ ধর্মীয় অনুষ্ঠানে পায়জামা-পাঞ্জাবি ও — পরেন।

ঙ) কম বয়সী মেয়েরা — পরতে পছন্দ করে।

**উত্তর : ক)** মাঝি; **খ)** দেশের; **গ)** বৃষ্টির; **ঘ)** টুপি; **ঙ)** সালোয়ার-কামিজ।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**ভাষা ও পোশাক**

➲ সাধারণ

১. **কোনটি আমাদের দেশীয় সংস্কৃতির বহির্ভূত অংশ?** ঘ

ক রসগোল্লা  খ সালোয়ার–কামিজ
গ ভাটিয়ালি গান  ঘ হ্যাট

২. **বিয়ের অনুষ্ঠানে মেয়েরা কী পরে?** ঘ

ক সালোয়ার–কামিজ  খ ফতুয়া
গ শার্ট–জিন্স প্যান্ট  ঘ শাড়ি

৩. **সংস্কৃতি কী?** ঘ

ক আমরা যা ছিলাম তাই
খ আমরা যা থাকব তাই
গ আমরা যা থাকতে চাই
ঘ আমরা যা তাই

৪. **অফিসের কাজে ছেলেরা কী পরে?** গ

ক লুঙ্গি–গেঞ্জি  খ পায়জামা–পাঞ্জাবি
গ প্যান্ট–শার্ট  ঘ ধুতি–পাঞ্জাবি

৫. **বয়স্ক হিন্দু পুরুষরা একসময় কী পরত?** খ

ক) প্যান্ট　খ) ধুতি
গ) পায়জামা　ঘ) লুঙ্গি

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল:** আমাদের সংস্কৃতিতে ভাষা ও পোশাকের প্রভাব সম্পর্কে জানতে পারব।

**৬. তোমার সহপাঠী কোন ভাষায় মনের ভাব প্রকাশ করে?** গ
ক) ইংরেজি　খ) হিন্দি
গ) বাংলা　ঘ) উর্দু

**৭. তোমার বড় আপার গায়ে হলুদ অনুষ্ঠানে বাবা কোন পোশাক পরেন?** খ
ক) শার্ট–প্যান্ট　খ) পাঞ্জাবি–পায়জামা
গ) ফতুয়া–পায়জামা　ঘ) পাঞ্জাবি–ধুতি

## খাবার

➲ **সাধারণ**

**৮. কোনটি আমাদের দেশীয় খাবার?** ঘ
ক) পাউরুটি　খ) নুডলস
গ) বার্গার　ঘ) খিচুড়ি

**৯. বাঙালিদের প্রধান খাদ্য কী?** ক
ক) ভাত　খ) মাছ
গ) রুটি　ঘ) সবজি

**১০. কোনটি বিশেষ অনুষ্ঠানের খাবার?** খ
ক) প্রতিদিনের খাবার　খ) বিয়ের খাবার
গ) শীতকালের খাবার　ঘ) গ্রীষ্মকালের খাবার

**১১. আমাদের উৎসব, অনুষ্ঠানের অপরিহার্য অংশ কোনটি?** ঘ
ক) কোমল পানীয়　খ) ভাত
গ) কেক　ঘ) মিষ্টি

➲ **যোগ্যতাভিত্তিক**

**১২. পহেলা বৈশাখে জামান সাহেব তার কাপড়ের দোকানে আসা সব ক্রেতাকে মিষ্টিমুখ করালেন। একটি লাল রঙে খাতাও সেদিন উদ্বোধন করলেন। এই খাতার নাম কী?** ক
ক) হালখাতা　খ) রেজিস্টার খাতা
গ) অঙ্কের খাতা　ঘ) ভাউচার বহি

## আচার অনুষ্ঠান ও সংগীত

**১৩. কোনটি আমাদের লোকসংগীতের বহির্ভূত অংশ?** ঘ
ক) বাউলগান　খ) কীর্তনগান
গ) জারিগান　ঘ) পপগান

**১৪. কৃষকেরা কখন গান গায়?** গ
ক) ধান কাটার সময়　খ) ক্ষেতে নিড়ানির সময়
গ) ক্ষেতে লাঙল দেওয়ার সময়　ঘ) ধান মাড়াইয়ের সময়

**১৫. বাংলাদেশের প্রধান লোকসংগীত কোনটি?** খ
ক) কীর্তন　খ) গম্ভীরা
গ) মুর্শিদি　ঘ) ব্যান্ড

**১৬. কোন সংগীত বাংলাদেশের প্রাণ?** খ
ক) ব্যান্ডসংগীত　খ) লোকসংগীত
গ) রবীন্দ্রসংগীত　ঘ) নজরুলসংগীত

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** বাংলাদেশের সংস্কৃতির বৈচিত্র্য সম্পর্কে জানব।

**১৭. আবহমানকাল ধরে বাংলার গ্রাম–গঞ্জ মুখর হয়েছে নানা জারি, সারি, বাউল ও ভাটিয়ালি ইত্যাদিতে। এগুলোকে বলা হয়–** খ
ক) লোকনৃত্য　খ) লোকসংগীত
গ) আচার অনুষ্ঠান　ঘ) আধুনিক গান

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. সংস্কৃতি কাকে বলে?**
**উত্তর :** সাধারণভাবে আমরা যা কিছু করি এবং যেভাবে করি তাই আমাদের সংস্কৃতি।

**২. বাংলাদেশের চারটি সাংস্কৃতিক উপাদানের নাম লেখ।**
**উত্তর :** বাংলাদেশের চারটি সাংস্কৃতিক উপাদান হলো- ভাষা, পোশাক-পরিচ্ছদ, আচার-অনুষ্ঠান ও নিজস্ব সংগীত।

**৩. মাতৃভাষা বলতে কী বোঝ?**
**উত্তর :** মানুষ মায়ের কাছ থেকে শেখা যে ভাষার মাধ্যমে মনের ভাব প্রকাশ করে তাই মাতৃভাষা।

**৪. কাদের নিজস্ব আলাদা আলাদা মাতৃভাষা রয়েছে?**
**উত্তর :** অবাঙালি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব আলাদা আলাদা মাতৃভাষা রয়েছে।

**৫. কম বয়সী মেয়েদের মধ্যে কী পরার চল বেশি লক্ষ করা যায়?**

**উত্তর :** কম বয়সী মেয়েদের মধ্যে সালোয়ার-কামিজ পরার চল বেশি লক্ষ করা যায়।

৬. **মেয়েরা পোশাকের সাথে আর কী দিয়ে সাজসজ্জা করে?**

**উত্তর :** মেয়েরা পোশাকের সাথে নানা ধরনের অলংকার, চুড়ি, টিপ, ফুল ইত্যাদি দিয়ে সাজসজ্জা করে।

৭. **বিশেষ উৎসব অনুষ্ঠানে ছেলেরা কী পরে থাকে?**

**উত্তর :** বিশেষ উৎসব অনুষ্ঠানে ছেলেরা পায়জামা-পাঞ্জাবি পরে থাকে।

৮. **বিশেষ বিশেষ অনুষ্ঠানে আমরা কী খেয়ে থাকি?**

**উত্তর :** বিশেষ বিশেষ অনুষ্ঠানে আমরা পোলাও-মাংস, বিরিয়ানি ও খিচুড়ি ইত্যাদি খেয়ে থাকি।

৯. **দুধের তৈরি কয়েকটি মিষ্টি খাবারের নাম লেখ।**

**উত্তর :** দুধের তৈরি কয়েকটি মিষ্টি খাবার হলো- দই, পায়েস, সেমাই, রসগোল্লা, চমচম, ক্ষীর ইত্যাদি।

১০. **ধর্মীয় উৎসব উদ্‌যাপনে মুসলমানরা কী কী খাবার খেয়ে থাকে?**

**উত্তর :** ধর্মীয় উৎসব উদযাপনে মুসলমানরা ঈদে সেমাই ও শবেবরাতে হালুয়াজাতীয় মিষ্টি খাবার খায়।

১১. **হিন্দুরা পূজা ও উৎসবে কী জাতীয় খাবার তৈরি করে?**

**উত্তর :** পূজা ও উৎসবে পায়েস, নাড়ু, মোয়া এবং মুড়কিজাতীয় মিষ্টি খাবার তৈরি করে।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

### ➲ সাধারণ

১. **আমরা প্রধানত কী কী খাই? ব্যাখ্যা কর।**

**উত্তর :** আমরা প্রধানত যা যা খাই সেগুলোকে তিনটি ভাগে ভাগ করা যায়। যথা–

১) **প্রতিদিনের খাবার :** প্রতিদিন আমরা ভাত, ডাল, শাকসবজি, মাংস এবং ঋতুভেদে আলু, কপি, পাতাকপি, শিম, টমেটো, বরবটি, ঝিঙা, পুঁইশাক, পটোল ইত্যাদি খাবার খেয়ে থাকি।

২) **বিশেষ খাবার :** বিশেষ অনুষ্ঠানে আমরা পোলাও-মাংস, বিরিয়ানি বা খিচুড়ি খেয়ে থাকি। তবে বৃষ্টির দিনে খিচুড়ি খাওয়া কিংবা পহেলা বৈশাখে পান্তা-ইলিশ খাওয়ার চল পুরো বাঙালি জাতিকে এক অভিন্ন সংস্কৃতিতে আবদ্ধ করেছে।

৩) **মিষ্টিজাতীয় খাবার :** যেকোনো আনন্দ সংবাদ, উৎসব, অনুষ্ঠান আমরা রকমারি মিষ্টি ও মিষ্টিজাত দ্রব্য দিয়ে উদ্‌যাপন করে থাকি। দই, পায়েস, রসগোল্লা, চমচম, রসমালাই, ক্ষীর ইত্যাদি আমাদের উল্লেখযোগ্য মিষ্টিজাত খাবার।

২. **বাংলাদেশের লোকসংগীতের বর্ণনা দাও।**

**উত্তর :** আবহমানকাল ধরে বাংলার গ্রাম-গঞ্জ মুখর হয়েছে নানা জারি, সারি, বাউল, ভাটিয়ালি, ভাওয়াইয়া, গম্ভীরা ইত্যাদির সুরে। এগুলোই আমাদের প্রধান লোকগান। মাঠে-প্রান্তরে কৃষক হাল বাইতে বাইতে, নদী ও খালে মাঝি, গ্রাম থেকে গ্রামে বাউল ঘুরতে ঘুরতে গলা ছেড়ে এসব গানের সুর তুলেছেন। গ্রামের মেলায়, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে এসব লোকসংগীতের মধ্যে যাত্রাগান, পালাগান, কবিগান, কীর্তনগান, মুর্শিদি গানের আসর বসে।

৩. **এ দেশের মেয়েদের পোশাকের বর্ণনা দাও।**

**উত্তর :** বাঙালি মেয়েদের প্রধান পোশাক শাড়ি। দৈনন্দিন জীবনে, উৎসব-অনুষ্ঠানে মেয়েরা শাড়ি পরে থাকে। তবে সময়ের সাথে সাথে সালোয়ার-কামিজও মেয়েদের দৈনন্দিন পোশাকে পরিণত হয়েছে। কম বয়সী মেয়েরাই সালোয়ার-কামিজ বেশি পরে থাকে। তবে উৎসব-অনুষ্ঠানে সব বয়সী মেয়েরাই সাধারণত শাড়ি পরে থাকে। ছোট মেয়েরা ফ্রক, স্কার্ট ইত্যাদি পরে এবং মাঝে মাঝে শখ করে বিশেষ অনুষ্ঠানে কামিজ-সালোয়ার ও শাড়ি পরে থাকে।

৪. **এ দেশের ছেলেদের পোশাকের বর্ণনা দাও।**

**উত্তর :** স্থানভেদে এদেশের ছেলেদের পোশাক ভিন্ন ভিন্ন রকমের হয়ে থাকে। যেমন- গ্রামে ও ঘরে এদেশের পুরুষরা প্রধানত লুঙ্গি পরে থাকে। বাইরের আনুষ্ঠানিক কাজে, অফিসে, স্কুলে, কলেজে যাওয়ার সময় ছেলেরা প্যান্ট-শার্ট পরে। তবে বিশেষ উৎসব অনুষ্ঠানে ছেলেরা পায়জামা-পাঞ্জাবি পরে থাকে। একসময় বয়স্ক হিন্দু পুরুষরা ধুতি পরত। মুসলমান ছেলেরা ধর্মীয় অনুষ্ঠানে টুপি পরে থাকে। ছোট ছেলেরা হাফ প্যান্ট পরে থাকে।

৫. **সংস্কৃতি কী? আমাদের সংস্কৃতির চারটি বিশেষ দিক উল্লেখ কর।**

**উত্তর :** আমরা যা কিছু করি তাই সংস্কৃতি। আমাদের সংস্কৃতির চারটি বিশেষ দিক নিচে উল্লেখ করা হলো :

১। বাঙালি মেয়েদের প্রধান পোশাক শাড়ি আর ছেলেদের লুঙ্গি।

২। আমাদের প্রধান খাদ্য ভাত।

৩। আমরা যেকোনো আনন্দ অনুষ্ঠান মিষ্টি দিয়ে উদ্‌যাপন করে থাকি।

৪। জারি, সারি, বাউল, ভাটিয়ালি, ভাওয়াইয়া হলো আমাদের প্রধান লোকগান।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

৬. **তোমার এলাকায় আজ দেশীয় সংস্কৃতি হুমকির সম্মুখীন। এ সংস্কৃতি রক্ষায় তোমার ৫টি করণীয় উল্লেখ কর।**

উত্তর : নিজ এলাকার সংস্কৃতি রক্ষায় আমার ৫টি করণীয় নিম্নে উল্লেখ করা হলো :

১। এলাকায় দেশীয় সংস্কৃতির যর্থাথ দিক সবাইকে অবগত করব।

২। বিভিন্ন উৎসব-অনুষ্ঠানে আমাদের দেশীয় সংস্কৃতি-উপস্থাপন করব।

৩। বাংলা নববর্ষ উপলক্ষে এলাকায় বৈশাখী মেলার আয়োজন করব।

৪। জাতীয় উৎসবগুলোতে লোকগানের আয়োজন করব।

৫। এলাকার ছোটবড় সবাইকে দেশীয় সংস্কৃতি- ধারণ করতে উৎসাহিত করব।